



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নং : ইউজিসি/বেঃবিঃ/৬১৬/২০১১/ ৭৮০২(৫)

তারিখ : ২৯ কার্তিক ১৪১৯ বঙ্গাব্দ  
১৩ নভেম্বর ২০১২ খ্রিষ্টাব্দ

রেজিস্ট্রার

ফাস্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ (FCUB)  
শাহনাজ ম্যানশন, পৌর কলেজপাড়া, চুয়াডাঙ্গা।

বিষয় : MBA (1-Year) প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।

জনাব,

আপনাদের বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত MBA (1-Year) প্রোগ্রামটি কমিশন কর্তৃপক্ষ নিম্নোক্ত শর্তে অনুমোদন করেছেন :

- ১ ক্রেডিট আওয়ারস্ (৩৬ ক্রেডিট আওয়ারস্) সহ সিলেবাসে মৌলিক বা গুরুত্বপূর্ণ কোন পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।
- ২ প্রোগ্রামটি শুধুমাত্র উল্লিখিত ক্যাম্পাসে পরিচালনা করা যাবে অন্য কোন ক্যাম্পাসে নয়।
- ৩ প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং 'mode' এ পরিচালনা করা যাবে না।
- ৪ কমিশন কর্তৃক অনুমোদিত স্নাতক পর্যায়ে কোন প্রোগ্রাম/কোর্সে ভর্তির জন্য শিক্ষার্থীকে অবশ্যই এইচ.এস.সি/এ-লেভেল বা সমমানের পরীক্ষায় পাশ থাকতে হবে। O-Level বা GED পাশ করা শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা যাবে না। এস. এস. সি এবং এইচ.এস.সি বা সমমানের পাবলিক পরীক্ষায় প্রতিটি পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ-২.৫ থাকতে হবে। কোন একটি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে দুই পরীক্ষায় মোট জিপিএ অন্তত ৬.০০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুই পরীক্ষায় মোট জিপিএ ৫.০০ থাকলে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে। মাস্টার্সে ভর্তির ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতার পাশাপাশি অনুমোদিত সিলেবাসে উল্লিখিত ন্যূনতম যোগ্যতার শর্ত বা কমিশন থেকে প্রদত্ত অন্য কোন নির্দেশনা প্রযোজ্য হবে।
- ৫ এই প্রোগ্রামটিতে প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ৪০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। যে কোন কোর্সে ভর্তির সময় প্রত্যেক ছাত্র-ছাত্রীকে একটি রেজিস্ট্রেশন নম্বর প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ থাকতে হবে।
- ৬ কোন প্রোগ্রাম/কোর্স পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুযায়ী একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপকসহ ন্যূনতম ০৪ (চার) জন পূর্ণকালীন শিক্ষক থাকতে হবে। উল্লেখ্য, এডভাইজার পদধারী কোন ব্যক্তির দ্বারা কোন পূর্ণকালীন প্রোগ্রাম/কোর্স পরিচালনা করার সুযোগ নেই।
- ৭ বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত তালিকা অনুযায়ী অনুমোদিত শিক্ষক নিয়োগের পর নিয়োগকৃত কোন শিক্ষক পরিবর্তনের প্রয়োজন হলে পুনরায় কমিশনের অনুমোদন নিতে হবে। কোন কারণে বর্ণিত বিষয়ের ন্যূনতম শিক্ষক সংখ্যায় (একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপকসহ কমপক্ষে ০৪ জন পূর্ণকালীন শিক্ষক) ঘাটতি দেখা দিলে প্রয়োজনীয় ন্যূনতম সংখ্যক শিক্ষক তিন মাসের মধ্যে পুনঃনিয়োগ দিয়ে কমিশনকে অবহিত করতে হবে।
- ৮ বর্ণিত কোর্সে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশনে জমা দিতে হবে।
- ৯ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন প্রোগ্রাম পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ১০ এই প্রোগ্রামটি পত্র জারির তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে।

প্রোগ্রামটি পরিচালনার উদ্দেশ্যে উপরে উল্লিখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(মোঃ সামছুল আলম)

পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।

ফোন : ৮১৮১৬২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. সদস্য মহোদয় (আই এম সি টি'র সার্বিক দায়িত্বপ্রাপ্ত) ইউজিসি, ঢাকা (ওয়েবসাইটে তথ্য update করার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হ'ল)।
২. একান্ত-সচিব, চেয়ারম্যান (প্রতিমন্ত্রী) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৩. কম্পিউটার অপারেটর, সদস্য (প্রফেসর ড. আতফুল হাই শিবলী) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি।
৫. নথি - ৩৮৭/০১।
৬. বেঃ বিঃ গার্ড ফাইল।
৭. মহানথি।

(বিষ্ণু মল্লিক)

সহকারী পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।